দর্শনায় কোরআন তেলওয়াত প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী

দর্শনায় কোরআন তেলওয়াত প্রতিযোতিা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠান পরিবেশি হয়েছে। আল কারিম কুরআনের আলো আয়োজিত ও হাফেজ তরিকুল ইসলামের সহযোগিতায় শ্যামপুর দক্ষিণ পাড়া জামে মসজিদে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

কোরআন তেলওয়াত অনুষ্ঠানে দর্শনা পৌর ও হাউলী ইউনিয়নের ১০টি মাদ্রাসার ৭০জন হাফেজ অংশ গ্রহণ করেন। এ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন হাফেজ আব্দুর রাজ্জাক (করিমপুর মাদ্রাসা) , ২য় স্থানে হাফেজ জিহোদ আলী (রুদ্রনগর মাদ্রাসা), ও ৩য় স্থান অধিকার করেন হাফেজ আব্দুল্লাহ আল সাফি (দর্শনা ডিএস মাদ্রাসা)।

অনুষ্ঠানের প্রধান অতিথি দর্শনা নব-গঠিত থানার অফিসার্স ইনচার্জ মাহব্বুর রহমান আরো তিন জন হাফেজকে নিজ উদ্যোগে পুরষ্কার প্রদান করার প্রতিশ্রুতি দেন।

এদের মধ্যে রয়েছেন ৪র্থ হাফেজ সাকিল আনোয়ার (কেরুজ মাদ্রাসা), ৫ম হাফেজ সাব্বির হোসেন (করিম পুর মাদ্রাসা) ও ৬ষ্ঠ স্থান অধিকার করেন হাফেজ রাজিব আহমেদ (রুদ্রনগর মাদ্রাসা)।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন ও সাবেক সভাপতি এবং মাইটিভি জেলা প্রতিনিধি ইকরামুল হক পিপুল।

প্রশিক্ষক হিসেবে ছিলেন, একই নামের দুইজন হাফেজ ওমর ফারুক ও হাফেজ ওমর ফারুক। অনুষ্ঠান পরিচালনা করেন সাব্বির আহমেদ।

সার্বিক ভাবে এ অনুষ্ঠানে সহযোগিতা করেন, গোলম কিবরিয়া, শফিকুল ইসলাম যুদ্ধ, রবি বিশ্বাস, রায়হান, সুরুজ, সালমান, লিটন ও সাব্বির।

[redacted]

[redacted]

জীবননগরে স্কুল ছাত্রকে পিটিয়ে জখম

জীবননগরে দিনে দুপুরে বিল থেকে মাছ চুরি করার সময় দেখে ফেলায় স্কুল ছাত্রকে পিটিয়ে রক্তাক্ত জখম করার অভিযোগ উঠেছে, জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ইউনিয়নের পাঁকা গ্রামের আনসার আলীর ছেলে মিন্টুর বিরুদ্ধে। গত রবিবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলার পাঁকা গ্রামের বিলের কদম তলা ব্রিজের পাশে এ ঘটনা ঘটে।

আহত স্কুল ছাত্র উপজেলার আন্দুলবাড়িযা ইউনিয়নের পাঁকা গ্রামের বাবুল আক্তারের ছেলে ইমদাদুল আজিজ (৮)। পাঁকা উত্তর পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শেণীর ছাত্র।

আহত স্কুল ছাত্রের মা বলেন, রবিবার সকালের দিকে ইমদাদুল পাঁকা বিলের পাশে খেলা করছিল এ সময় মিন্টু বিলের ভিতরে চুরি করে জাল পেতে মাছ ধরছিল। আর সে সময় আমার ছেলে দেখে ফেলায় তাকে মারধর করে রক্তাক্ত জখম করে। বর্তমানে তার বা চোখে আঘাত লেগে সে চোখে কিছু দেখতে পারছে না। আমার সন্তানকে যে এ ভাবে মেরেছে আমি তার শাস্তি চাই।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিক্যাল অফিসার ডাঃ পার্থ সারথি বলেন, আহত স্কুল ছাত্র ইমদাদুলের কপালে এবং একটি চোখে আঘাত লেগেছে তাকে চিকিৎসা দেওয়া হচ্ছে আশাকরি সুস্থ হয়ে উঠবে।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, পাঁকা গ্রামে স্কুল ছাত্রকে পিটিয়ে জখম করার ঘটনায় এখনও পর্যন্ত থানায় কোন অভিযোগ পাইনি অভিযোগ পেলে তদন্ত পূর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে ।

আলমডাঙ্গায় ধান কাটাকে কেন্দ্র করে তিনজন আটক

আলমডাঙ্গার ছত্রপাড়া গ্রামে রাতের বেলা অন্যের জমি থেকে ধান কেটে নেওয়াকে কেন্ত্র করে তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ বাদির আরজির প্রেক্ষিতে গ্রামের একটি বাড়ি থেকে কাটা ধানও উদ্ধার করেছে। মঙ্গলবার রাতে ও সকালে ওই তিন জনকে বাড়ি থেকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করা হয়েছে।

মামলা সূত্রে জানা গেছে, ছত্রপাড়া গ্রামের আব্দুল ওহাবের ছেলে নাজমুল ইসলামের মনাখোসা মাঠের ৮ কাঠা জমির কেটে রাখা ধান সোমবার রাতে চুরি যায়। নাজমুল চুরির ঘটনায় একই গ্রামের নেকবার আলীর তিন ছেলে আব্দুর রহিম, আলম হোসেন ও আলী হোসেনের নামে থানায় অভিযোগ দায়ের করেন। পুলিশ মঙ্গলবার রাতে আলী হোসেন ও আব্দুর রহিমকে এবং সকালে আরও আলম হোসেনকে আটক করে থানায় নিয়ে আসেন। দুপুরে তাদেরকে আদালতে সোপর্দ করা হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, ছত্রপাড়া গ্রামের বহু বছরের পুরানো হিন্দু সম্পত্তির ভোগদখলকে ঘিরে গ্রামের বিবাদমান দুইটি গ্রুপ রয়েছে। এই দুইটি গ্রুপ একাধিক সময়ে খুন-খারাবিতেও জড়িয়ে পড়ার ঘটনা ঘটিয়েছে। একে অপরকে মিথ্যা মামলায়ও জড়ানোর ঘটনা ঘটেছে। মাঠ থেকে ধান চুরির ঘটনায় বাদি ও বিবাদি ওই দুইটি বিবাদমান গ্রুপের লোকজন বলেও জানিয়েছে স্থানীয় সূত্র গুলো।

মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই সফিক বলেন, মামলার ভিত্তিতে তিন জনকে গ্রেফতার করা হয়েছে। তবে এখনও তদন্ত চলছে। তদন্তে ধান যার বলে জানা যাবে তাকে দিয়ে দেওয়া হবে।

গ্রেফতার আলী হোসেনের পরিবার দাবি করেছে, মাঠ থেকে নাজমুলের যে ধান চুরি হয়েছে সেটা ধানি গোল্ড জাতের ধান। আর আলম হোসেনের বাড়ি থেকে পুলিশ যে ধান উদ্ধার করেছে তা পাইনার হাইব্রীড জাতের ধান। এই ধানও তিন দিন আগে তাদের জমি থেকে কেটে বাড়িতে এনে রাখেন বলে জানান।

জীবননগরে চুরির অপবাদে কর্মচারীকে নির্যাতন, নির্যাতনকারি টিন ব্যবসায়ী আটক

জীবননগর শহরের টিন ব্যবসায়ী হক মেশিনারি’র স্বত্বাধিকারী হাজী সাইদুল হক ও তার ছোটভাই সাইউল হকের বিরুদ্ধে দোকান থেকে ২ হাজার টাকা চুরির মিথ্যা অপবাদ দিয়ে দোকানের ম্যানেজার খলিল মিজিকে নির্মম ভাবে নির্যাতনের অভিযোগ উঠেছে।

আহত দোকান ম্যানেজারের স্ত্রী বাদি হয়ে জীবননগর থানায় সোমবার রাতে লিখিত অভিযোগ দিলে রাতেই নির্যাতনকারী সাইদুল হককে গ্রেপ্তার করেন জীবননগর থানা পুলিশ।
আহত ম্যানেজার খলিল মিজি (৫৫) জীবননগর উপজেলার পিয়ারাতলা গ্রামের মৃত আবেদ আলীর ছেলে

আহত খলিল মিজি বলেন, আমি দীর্ঘ প্রায় ৬ বছর ধরে জীবননগর শহরের টিন ব্যবসায়ী হাজী সাইদুল হকের দোকানে ম্যানেজার হিসেবে কাজ করে আসছি। প্রতিদিনের মতো রোববার সকালে আমি দোকানে গিয়ে খাতা-পত্র নিয়ে হিসাব নিকাশের কাজ করতে থাকি। হঠাৎ দোকানের মালিক হাজী সাইদুল হক ও তার ছোটভাই সাইউল হক আমাকে গিয়ে বলে মার্কেট থেকে বাকির আদায় করা কালেকশনের টাকা থেকে দুই হাজার টাকা কম হচ্ছে। আমি তখন তাদেরকে জানাই, আমি আমার পাওনা বেতনের টাকা থেকে আমার নামে খরচ লিখে পাঁচশত টাকা নিয়েছি। কম হওয়া টাকা সম্পর্কে আমার জানা নাই।

যে মার্কেট থেকে কালেকশন করেছে তাকে জিজ্ঞাসা করতে বললে, তখন তারা আমার উপর ক্ষিপ্ত হয়ে কাঠের বাটাম দিয়ে মারপিট করতে থাকে । এভাবে তারা দুই ভাই আমাকে দোকানে আটকিয়ে রেখে পর্যায়ক্রমে দুপুর তিনটা থেকে সন্ধ্যা ছয়টা পর্যন্ত অমানবিক নির্যাতন করতে থাকে আর আমাকে এই মিথ্যা চুরির কথা স্বীকার করতে বলে। একপর্যায়ে আমি জ্ঞান হারিয়ে ফেললে আমার বাড়িতে খবর দিয়ে আমার স্ত্রী আসলে ভ্যান যোগে বাড়িতে পাঠিয়ে দেয় এবং এই কথা কাউকে না জানানোর জন্য

হুমকি দেয়।

আমি আমার স্ত্রী কলেজ পড়ুয়া কন্যা সন্তানের মুখের দিকে তাকিয়ে লোকলজ্জা ও হাজী সাহেবদের ভয়ে কাউকে বিষয়টি জানায়নি বাড়িতে থেকেই চিকিৎসা নিতে থাকি। আজ আমার শারীরিক অবস্থা খারাপ দেখে আত্মীয়স্বজনরা জীবননগর হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করান। আমি আমার উপর মিথ্যা চুরির অপরাধ দিয়ে অমানবিক নির্যাতনের বিচার চাই। আমি যদি চোর হতাম তাহলে দীর্ঘ ৩০ বছর ধরে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে ম্যানেজার হিসেবে কিভাবে চাকরি করে আসছি ? আমি তাদের এখানেই ৬ বছর ধরে ম্যানেজার হিসেবে চাকরি করছি।

এ ব্যাপারে জীবননগর থানা অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম বলেন, আহত খলিল মিজির স্ত্রী বাদী হয়ে জীবননগর থানায় একটি লিখিত অভিযোগ দিলে হাসপাতালে তাৎক্ষণিক পুলিশের একটি টিম পাঠিয়ে ভিকটিমের শারীরিক অবস্থা খোঁজ নিয়ে রাত সাড়ে ১২ টার দিকে নির্যাতনকারী ব্যবসায়ী সাইদুল হককে গ্রেপ্তার করা হয়।

জীবননগরে জেল হত্যা দিবস পালিত

জীবননগরে জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা ও মাহফিলের মধ্যে দিয়ে জেল হত্যা দিবস পালন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৮টার সময় জীবননগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে জাতীয় পতাকা, কালো পতাকা উত্তোলন, আলোচনা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি মোশাররফ হোসেন মিয়ার সভাপতিত্বে আলোচনায় বক্তব্য দেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক উপাধ্যক্ষ অবঃ মোঃ নজরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি আবু মোঃ আঃ লতিফ অমল, পৌর আওয়ামী লীগের সভাপতি মোঃ নাসির উদ্দীন,

জীবননগর উপজেলা যুবলীগ সভাপতি উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর

ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন, বাঁকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান প্রমুখ।

চুয়াডাঙ্গায় ছাত্রলীগ ও কৃষকলীগ নেতাকে কুপিয়ে জখম

চুয়াডাঙ্গায় হৃদরোগে আক্রান্ত পিতাকে হাসপাতালে দেখতে গিয়ে একদল দূর্বৃত্তের হামলায় জখম হয়েছেন ছাত্রলীগ নেতা সোয়েব রিগান (২৫) ও তার মামা কৃষকলীগ নেতা মহাসিন রেজা (৫০)। রবিবার রাত ১১টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল প্রাঙ্গণে তাদের উপর অতর্কিতে হামলা চালানো হয়। জখম রিগান জেলা ছাত্রলীগের প্রস্তাবিত কমিটির সহ-সভাপতি ও মহাসিন রেজা জেলা কৃষকলীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক।

রিগানের নিকটজনেরা জানান, রবিবার সন্ধ্যায় রিগানের পিতা আজম আলী হৃদরোগে আক্রান্ত হয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি হন। পিতার শয্যা পাশেই ছিলেন রিগান। রাতে তার মামা মহাসিন রেজা হাসপাতালে এলে মামা-ভাগ্নে হাসপাতাল ভবনের সামনে পিতার চিকিৎসার বিষয়ে আলোচনা করছিলো।

এসময় ১০/১২ জনের একদল দূর্বৃত্ত ধারালো অস্ত্র দিয়ে ছাত্রলীগ নেতা রিগানকে কোপাতে শুরু করে। তার মামা ঠেকাতে গেলে তাকেও কুপিয়ে জখম করে দূর্বৃত্তরা। রিগানের শরীরের বিভিন্ন স্থানে অন্তত ১৫টি এবং মহাসিনের শরীরের বিভিন্ন স্থানে অন্তত ৬টি কোপ লেগেছে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের সার্জারি কনসালটেন্ট ডা. ওয়ালিউর রহমান জানান, জখম মহাসিন ও রিগান উভয়ের অবস্থা গুরুতর হওয়ায় তাদের ঢাকার পঙ্গু হাসপাতালে নেয়ার পরামর্শ দেয়া হয়েছে। রাতেই তাদের ঢাকায় নেয়া হয়েছে।

চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার (হেডকোয়ার্টার) কনক কুমার দাস জানান, ঘটনার সাথে জড়িতদের আটক ও কারণ উদঘাটনে ইতিমধ্যেই কাজ

শুরু করেছে পুলিশ।

এদিকে, সোমবার রাত ১১টায় শেষ খবর পাওয়া পর্যন্ত জানা গেছে, ঢাকার স্কয়ার হাসপাতালে রিগানের শরীরের ক্ষত স্থানগুলোতে অস্ত্রপচার করা হয়েছে। দুপুর থেকে রাত ১০টা পর্যন্ত চলে এ অপারেশন। তার অবস্থা কিছুটা উন্নতির দিকে বলে জানায় রিগানের নিকট জনেরা।

অপরদিকে রিগানের মামা মহসিন রেজাকে ঢাকায় চিকিৎসা শেষে চুয়াডাঙ্গা ফিরিয়ে আনা হয়েছে। তবে তার নিকটজনেরা জানান অবস্থার কিছুটা উন্নতি হলে আবার নিতে হবে ঢাকায়।

চুয়াডাঙ্গায় মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষাবৃত্তির চেক বিতরণ

চুয়াডাঙ্গা জেলা পরিষদ কর্তৃক আয়োজিত মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে এককালীন “শিক্ষাবৃত্তির চেক বিতরণ অনুষ্ঠান” সোমবার ২ নভেম্বর বেলা ১১ঘটিকার সময় চুয়াডাঙ্গা জেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জেলা পরিষদ চেয়ারম্যান শেখ সামছুল আবেদিনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম।

আলমডাঙ্গার নারী উদ্যেক্তা দুইবোন দিলরুবা ও মিশকোর স্বাবলম্বী হয়ে ওঠার গল্প

হঠাৎ বাবা মারা যাওয়ার পর পুরো সংসারের ভার মাথায় এসে পড়ে বড় দুই বোন দিলরুবা ও আজমেরী জাহান মিশকোর ওপর। ভাই দুইটা ছোট হওয়ায় তাদের মাথায় আকাশ ভেঙ্গে পড়ার উপক্রম হয়। ভেঙ্গে পড়ে পরিবার। এ সময় একটু সুবিধা হয় দিলরুবা রাশজাহী বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স শেষ করেছে। মিশকো একই বিশ্ববিদ্যালয়ে অনার্স ফোর্থ ইয়ারের ছাত্রী।

দুই বোন শোককে শক্তিতে পরিনত করে মাথা উঁচু করে দাঁড়ানোর চেষ্টা করেন। অথৈই সমূদ্রে তলিয়ে যেতে থাকা পরিবারকে টেনে তোলার আপ্রান চেষ্টা করতে থাকেন। করোনার বন্ধে মিশকো বাড়িতে চলে আসেন। বাড়িতেই গোড়ে তোলেন দুই বোনের পরিচালনায় ‘সিস্টারস কিচেন’।

প্রথমদিকে, মেসেঞ্জারের সহযোগীতায় বন্ধু-বান্ধবী ও প্রতিবেশীদের মাঝে খাবারের অর্ডার পেতে থাকে দুই বোন। ছোট দুইটা ভাই প্রাপকের বাড়িতে বিদ্যূৎ গতিতে ডেলিভারী দিয়ে আসে। পরবর্তীতে এর সীমানা বাড়তে থাকে। চাহিদা বাড়তে থাকায় খুলতে হয় সিস্টারসকিচেনবিডি.কম নামের অনলাইন পেইজ।

সিস্টারস কিচেনে তৈরী হচ্ছে নাস্তা। তৈরী হচ্ছে ভারী খাবারের আইটেমও। মজার মজার পারিবারিক এসব রান্না আপনি চাইলেই আপনার দরজায় গিয়ে দিয়ে আসছে সিস্টারস কিচেন।
নাস্তার আইটেম পাবেন- চিকেন ফ্রাই, চিকেন টিকিয়া, চিকেন বল, চিকেন কাটলেট, চিকেন নাগেট, চিকেন অনথন, চিকেন ললিপপ, চিকেন পপকর্ণ, চিকেন রোল, ভেজিটেবল রোল, এগ নুডুলস রোল, ডোনাট, ফুলপিঠা, পেস্টিকেক ও অসাধারণ পিজ্জা।

ভারী খাবারের আইটেমে পাবেন- চিকেন বিরিয়ানী, বিফ বিরিয়ানী, বিফ তেহারী, ফ্রাইড রাইচ, চিকেন ফ্রাই, ভেজিটেবল কম্বোপ্যাক।

আপনি অর্ডার দিলে কমপক্ষে ৬ ঘন্টা সময় নিয়ে চাহিদামত খাবারের প্যাক আপনার বাড়িতে পৌছে দিয়ে আসবে সিস্টারস কিচেন।

সিস্টারস কিচেনের দুই বোন দিলরুবা ও মিশকো কঠোর পরিশ্রম করে ঘুরে দাঁড়ানোর শপথ নিয়েছেন। তারা রীতিমত ঘুরে দাঁড়িয়েছেন। পরিবারে আশার আলো জাগিয়ে তুলেছেন। কোন ছন্দপতন ছাড়াই ছোট ভাই দুইটারও লেখাপড়ার অবারিত সুযোগ তেরী হয়েছে।

দিলরুবা বললেন, সিস্টারস কিচেন এখন আর ছোট নেই। এর পরিসর অনেক বেড়েছে। স্বাস্থ্য সচেতন মানুষ রাস্তার কোন খাবার তাদের সন্তানদের খেতে দিতে চান না। তাই পারিবারিকভাবে তৈরী সিস্টারস কিচেনের সুস্বাদু খাবার মানুষ পছন্দ করছেন।

আমাদের আজকের নারী উদ্যেক্তা দুই বোন দিলরুবা ও আজমেরী জাহান মিশকো। থানাপাড়া, আলমডাঙ্গা। মোবাইল- ০১৭৩০-৩৭৬৮১১।

(আলমডাঙ্গায় আপনাদের আশপাশে কোন নারী উদ্যেক্তা থাকলে আমাদের ০১৭১১-২৭৩৬০৯ এই নাম্বারে জানান। ‘মেহেরপুর প্রতিদিন’ সেই নারী উদ্যেক্তার গল্প আপনাদের শোনাবে)

জীবননগরে ভেজাল সার ও নিম্নমানের বীজ বিক্রি বন্ধে আলোচনা সভা

জীবননগরে কৃষি মোর্চার আয়োজনে এবং এনজিও সংস্থা ওয়েভ ফাউন্ডেশনের সহযোগীতায় ভেজাল সার ও নিম্নমানের বীজ বিক্রি বন্ধে করণীয় বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার বেলা ১১ টার সময় জীবননগর উপজেলা কৃষি প্রশিক্ষণ মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা কৃষি মোর্চার সভাপতি আব্দুল হান্নানের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য দেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান, জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম মুনিম লিংকন, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা

সুলকানা লাকি, উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, ওয়েভ ফাউন্ডেশনের কামরুজ্জামান যুদ্ধ, জীবননগর উপজেলা লোকোমোর্চার সহ-সভাপতি সালাউদ্দীন কাজল, সাংবাদিক কাজী সামসুর রহমান চঞ্চল, জিএ জাহিদুল ইসলাম,মিঠুন মাহমুদ প্রমুখ।

আলোচনা সভায় বক্তারা বলেন, সরকার নির্ধারিত মূল্য থেকে কোনো দোকানদার যদি সার বেশি দামে বিক্রি করে অথবা ভেজাল সার, ভেজাল বীজ ও কীটনাশক বিক্রি করে তাহলে ওই দোকানদারের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

আলোচনা সভায় জীবননগর উপজেলার বিসিআইসি ও বিএডিসি অনুমোদিত সার ডিলার, খুচরা সার বিক্রেতা এবং সুধীবৃন্দরা অংশ গ্রহণ করেন।